



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদস্য (পরিচালনা ও পরিকল্পনা) এর দপ্তর
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
www.caab.gov.bd




নং-৩০.৩১.০০০০.১৪৬.৩০.০০১.২২/১৬১৫

তারিখ: ০৭/০৩/২০২৩খ্রিঃ।

নোটিশ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ২৩ জানুয়ারী ২০০৮ তারিখে জাতীয় রাজস্ব বোর্ড এর 'এসআরও নং ১৮-আইন/ ২০০৮/২১৭৪/শুক' এর মাধ্যমে Air Freight Forwarder's-গণের লাইসেন্স ইস্যু ও কার্যক্রম পরিচালনা সংক্রান্ত বিধিমালা জারী করে। উক্ত লাইসেন্স প্রাপ্তির জন্য গেজেটের বিধি ৬(৩)(ছ) এ উল্লেখিত "বন্দর কর্তৃপক্ষের নিকট তালিকাভুক্তির সনদপত্র" সংযুক্ত করণের শর্তও রাখা হয়েছে। সে প্রেক্ষিতে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা; শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম এবং ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট-এ আমদানি-রপ্তানির উদ্দেশ্যে ফ্রেইড ফরওয়ার্ডার্স পরিচালনাকারী Air Freight Forwarder-গণকে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সদস্য (পরিচালনা ও পরিকল্পনা) দপ্তরে স্বহস্তে আবেদন জমাদানের জন্য আহ্বান করা যাচ্ছে।


(মোঃ শামসুল হক)
উপ-পরিচালক (এরোড্রামস)
ফোন: ০২-৪১০৯১০৩৩

বিতরণ ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। নির্বাহী পরিচালক (হশাআবি), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ০২। পরিচালক, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম।
- ০৩। পরিচালক, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট।
- ০৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ০৫। সদস্য (পরিঃ ও পরিঃ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ০৬। অফিস কপি।